দৈনিক সংবাদ

091

তারিখ 26 NOV 1988
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৫ ...

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র
ঢাকা

# অষ্টম শ্রেণী ও ওপরের ক্লাসে আগামী বছর নতুন পরীক্ষা পদ্ধতি চালু হচ্ছে —শিক্ষামন্ত্রী

26 NOV 1988

শিক্ষা, বন্যা নিয়ন্ত্রণ, সেচ ও পানি সম্পদমন্ত্রী আনিসুল ইসলাম মাহমুদ গতকাল শুক্রবার বলেছেন যে, সরকার মাধ্যমিক স্কুল পর্যায়ে ছাত্রদের নেবা বিচার এবং পরীক্ষায় অসদুপায় অবলম্বনের প্রবণতা রোধ করতে বর্তমান পরীক্ষা পদ্ধতির পরিবর্তন ঘটানোর সিদ্ধান্ত নিয়েছে। খবর বাসসর।

মন্ত্রী গতকাল শুক্রবার শিক্ষক প্রশিক্ষণ মহাবিদ্যালয় মিলনায়তনে বিসিএস সাধারণ শিক্ষা সমিতির দু'দিনব্যাপী জাতীয় সম্মেলনের উদ্বোধন করছিলেন।

সমিতির সভানেত্রী রাশিদা বেগমের সভানেতৃত্বে সম্মেলনে শিক্ষা সচিব হেদায়েত আহমেদ, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

## শিক্ষামন্ত্রী

(১ম পাতার পর)

পরিদপ্তরের মহাপরিচালক ডঃ এ, এইচ, এম করিম এবং সমিতির মহাসচিব নজরুল ইসলাম মজুমদারও বক্তৃতা করেন। সম্মেলনে চারটি বিভাগ থেকে সমিতির ১২শ' প্রতিনিধি যোগ দিয়েছে।

শিক্ষা মন্ত্রী তার ভাষণে বলেন, ১৯৮৯ সালে অষ্টম শ্রেণী থেকে এই পরীক্ষা পদ্ধতি চালু হবে। এতে একজন পরীক্ষার্থীকে শতকরা ৬০ ভাগ অবজেকটিভ প্রশ্নের এবং শতকরা ৪০ ভাগ লিখিত প্রশ্নের জবাব দিতে হবে। পরীক্ষার্থীকে দুটি বিভাগেই পাস নম্বর পেতে হবে। ১৯৯২ সালে অনুষ্ঠেয় এসএসসি পরীক্ষা থেকে এই পদ্ধতি চালু হবে।